(363)



া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৩১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইশার সালাতের পর গল্প করা করার ব্যাপারে যে ধমকী দেওয়া হয়েছে, তার দ্বারা উদ্দেশ্য ইলমী বিষয়ে আলাপ-আলোচনা নয় এই মর্মে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يَدُلُّ عَلَى أَنَّ الزَّجْرَ عَنِ السَّمَرِ بَعْدَ عِشَاءِ الْآخِرَةِ لَمْ يُرد بِهِ السَّمَرَ الَّذِي يَكُونُ فِي العِلْم

আরবী

2031 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمَذَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الصَّبَّاحِ الْعَطَّارُ قَالَ: حَدَّثَنَا أَبُو عَلِيِّ الْحَنَفِيُّ قَالَ: حَدَّثَنَا قُرَّةُ بْنُ خَالِدٍ قَالَ: انْتَظَرْنَا الْحَسَنَ وَرَاثَ عَلَيْنَا حَتَّى قَرُبْنا مِنْ وَقْتِ قِيَامِهِ جَاءَ فَقَالَ: دَعَانَا جِيرَائُنَا هَوُّلَاءِ ثُمَّ قَالَ: قَالَ أَنسُ بْنُ مَالِكِ انْتَظَرْنَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ حَتَّى كَانَ شطرُ اللَّيْلِ فَجَاءَ فَصَلَّى لَنَا ثُمَّ خَطَبَنَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ حَتَّى كَانَ شطرُ اللَّيْلِ فَجَاءَ فَصَلَّى لَنَا ثُمَّ خَطَبَنَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ حَتَّى كَانَ شطرُ اللَّيْلِ فَجَاءَ فَصَلَّى لَنَا ثُمَّ خَطَبَنَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ حَتَّى كَانَ شطرُ اللَّيْلِ فَجَاءَ فَصَلَّى لَنَا ثُمَّ خَطَبَنَا النَّبِي صَلَيْقٍ مُ لَا يَزَالُونَ بِخَيْرٍ مَا انتظروا الخِير. أَلْسُ بْنُ مَالِكِ: إِنَّ الْقَوْمَ لَا يَزَالُونَ بِخَيْرٍ مَا انتظروا الخير. الراوي: أَنسَ بْن مَالِكِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1001 خلاصة حكم المحدث: صحيح - ((مختصر البخاري)))

বাংলা

২০৩১. কুর্রা বিন খালিদ রহিমাহুল্লাহ বলেন, "আমরা হাসান বসরী রহিমাহুল্লাহর জন্য অপেক্ষা করছিলাম, তিনি আমাদের কাছে আসতে যথেষ্ট দেরি করছিলেন, এমনকি আমরা উঠার উপক্রম হলে তিনি আসেন এবং বলেন, "আমাদের এই প্রতিবেশিরা আমাদের ডেকেছিলেন। তারপর তিনি বলেন, আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একরাতে আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য অপেক্ষা করছিলাম, এমনকি অর্ধরাত হয়ে যায়।তারপর তিনি আসেন এবং আমাদের নিয়ে সালাত আদায় করেন। তারপর তিনি আমাদের উদ্দেশ্য ভাষন দেন, তিনি বলেন, "নিশ্চয়ই (অন্যান্য) লোকজন সালাত আদায় করেছে এবং তারা শুয়ে



পড়েছে। নিশ্চয়ই তোমরা সালাতের মধ্যেই থাকো, যতক্ষন তোমরা সালাতের জন্য প্রতিক্ষা করো।"

আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "নিশ্চয়ই লোকজন কল্যাণের মাঝেই থাকে, যতক্ষন তারা কল্যাণমূলক কাজের জন্য অপেক্ষায় থাকে।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬০০; মুসনাদ আহমাদ: ৩/২৬৭; সহীহ মুসলিম: ৬৪০; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৫৭; সহীহ আল বুখারী: ৫৭২; নাসাঈ: ১/২৬৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুল বুখারী: ৩৬৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ কুররাহ ইবনু খালিদ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন